গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০৫২.১৭.১৬৮

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৪
২২ ফেব্রুয়ারি ২০১৮

## অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর ১৫ নভেম্বর ২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.১১.০৫২.১৭-১৩৯৭ সংখ্যক নিয়োগ আদেশের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর অনুসরণে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ০৬ জুলাই ২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৬১.১১.০৫২.১৭/৬৯০ সংখ্যক স্মারকে প্রকাশিত বিজ্ঞপ্তি অনুসারে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের 'বিভাগীয় পদোন্নতি/নির্বাচন কমিটি'র সুপারিশের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব খাতভুক্ত অফিস সহায়ক পদে মুক্তিযোদ্ধার পোষ্য কোটায় নিম্নেবর্ণিত ব্যক্তিগণকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ -এর ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রমিক নং | প্রার্থীর রোল নম্বর | নাম, পিতা ও মাতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ১৭ | ১৩২৩৯৭৬ | মোহাম্মদ মতিনুল হক<br>পিতা: ফকির মহম্মদ<br>মাতা: মোছাঃ রাশিদা খাতুন | গ্রাম: খলিসাকুন্ডি, ডাকঘর: খলিসাকুন্ডি, ওয়ার্ড নং: ০৭, উপজেলা: দৌলতপুর,<br>জেলা: কুষ্টিয়া। |
| ২২ | ১৩০২৪০৬ | কে. এম. আলী হোসেন<br>পিতা: মোঃ লিয়াকত আলী খাঁন<br>মাতা: ফজিলা বেগম | গ্রাম: কাজদিয়া, ডাকঘর: আলাইপুর,<br>উপজেলা: রূপসা, জেলা: খুলনা। |
| ২৩ | ১৩০৫২৯৪ | মেহেদী হাসান<br>পিতা: মোঃ আবুল বাশার<br>মাতা: মোসাঃ তাছলিমা খানম | গ্রাম: কচুড়িয়া, ডাকঘর: আড়ুয়াডিহি, উপজেলা: মোল্লাহাট,<br>জেলা: বাগেরহাট। |
| ২৪ | ১৩২২১০০ | আকলিমা খাতুন<br>পিতা: মোঃ আমজাদ আলী<br>মাতা: সালমা বেগম | গ্রাম: দয়াকান্দি, ডাকঘর: ডি. পাকুটিয়া,<br>ওয়ার্ড নং: ০৯, উপজেলা: ঘাটাইল,<br>জেলা: টাঙ্গাইল। |
| ২৭ | ১৩২৭২৯৯ | মোঃ নেওয়াজ মোরশেদ<br>পিতা: মোঃ লুৎফর রহমান<br>মাতা: মোছাঃ রাশেদা বেগম | গ্রাম: কাগমারী পাড়া,<br>ডাকঘর: শিয়ালকোল, ওয়ার্ড নং: ০১,<br>উপজেলা: ভূঞাপুর, জেলা: টাঙ্গাইল। |
| ২৮ | ১৩২০০২০ | বিষ্ণু চন্দ্র রায়<br>পিতা: শ্রী ব্রজেন্দ্র নাথ রায়<br>মাতা: সরু বালা রানী | গ্রাম: চকরামপুর, ডাকঘর: পাকেরহাট, উপজেলা: খানসামা, জেলা: দিনাজপুর। |

০২। <u>নিয়োগের শর্তাবলী</u> :

ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে।

খ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিস থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করে যে, তার আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার চাকরি অবসান ঘটাতে পারবে।

গ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত নিয়োগ সম্পূর্ণরূপে সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষা প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখে।

ঙ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

চ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

ছ) ভবিষ্যতে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তার নিয়োগ বাতিল হবে এবং তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন।

জ) যোগদান পত্ররে সাথে 'জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তাদের অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং তারা গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন' এ অঙ্গীকার নামা প্রদান করতে হবে ।

ঝ) চাকরিতে তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী। এ ক্ষেত্রে নন-ক্যাডার কর্মকর্তা/কর্মচারি জ্যেষ্ঠতা ও পদোন্নতি বিশেষ বিধান, ২০১১ প্রযোজ্য হবে।

০৩। উপরিউক্ত শর্তাবলীর আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ০১ মার্চ ২০১৮ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখ যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২২-২-২০১৮

মোঃ আমিনুল ইসলাম খান

অতিরিক্ত সচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.১১.০৫২.১৭.১৬৮/১(১৩)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৪
২২ ফেব্রুয়ারি ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়

২) ভারপ্রাপ্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩) সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, তেজগাঁও, ঢাকা।

৪) অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬) উপ-সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) উপসচিব, উদ্বৃত্ত কর্মচারী শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮) সচিব মহোদয় এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৯) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।

১০) সিনিয়র সহকারী সচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১) হিসাবরক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩) জনাব ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...

২২-২-২০১৮

মোঃ শামসুল আলম

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)